

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮- ৪৯৬

তারিখঃ ২৬/০৭/২০২০ খ্রিঃ

অফিস আদেশ

বিষয়ঃ উন্নয়ন বাজেটের আওতায় জিওবি অর্থায়নে বাস্তবায়নধীন প্রকল্পের দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost Estimate) অনুমোদনের ক্ষমতা পুনঃঅর্পণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এলজিইডি'র আওতায় দরপত্র প্রক্রিয়াকরণে গতিশীলতা আনয়ন এবং সিদ্ধান্ত গ্রহণ ত্বরান্বিত করার লক্ষ্যে ক্রয়কারী কার্যালয় প্রধানের উপর অর্পিত উন্নয়ন বাজেটের আওতায় জিওবি অর্থায়নে বাস্তবায়নধীন প্রকল্পের দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost Estimate) অনুমোদনের ক্ষমতা, পিপিআর, ২০০৮ এর বিধি ১৬(৫)(খ) অনুযায়ী নিম্নরূপ শর্ত সাপেক্ষে অর্পণ ও পুনঃঅর্পণ করা হলো:

| বিষয় | সদর দপ্তর পর্যায়ের অফিস | | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সংশ্লিষ্ট বিভাগ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সংশ্লিষ্ট আঞ্চল | নির্বাহী প্রকৌশলী, সংশ্লিষ্ট জেলা |
|-------------------------------------|--|---|--|---|-----------------------------------|
| | অতিরিক্ত প্রধান প্রকৌশলী (অধিক্ষেত্র অনুসারে) | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অধিক্ষেত্র অনুসারে) | | | |
| কার্য ও ভৌত সেবা | ২ (দুই) কোটি টাকার উর্ধ্ব হতে ৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত | - | ১ (এক) কোটি টাকার উর্ধ্বের এবং ২ (দুই) কোটি টাকা পর্যন্ত | ১ (এক) কোটি টাকা পর্যন্ত | - |
| পণ্য ও সংশ্লিষ্ট সেবা | ১ (এক) কোটি টাকার উর্ধ্ব হতে ৩ (তিন) কোটি টাকা পর্যন্ত | ১ (এক) কোটি টাকা পর্যন্ত | - | - | - |
| পরামর্শক সেবা (Consultancy Service) | ১ (এক) কোটি টাকা পর্যন্ত | - | - | - | - |

শর্তসমূহ:

- সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক প্রাথমিক বরাদ্দ সংশ্লিষ্ট ক্রয়কারী বরাবর জারী করবেন; ক্রয়কারী সরেজমিন প্রকল্পস্থল পরিদর্শন করে এলজিইডি'র সর্বশেষ রোট সিডিউল অনুসরণ করে প্রাক্কলন প্রস্তুত করবেন; প্রস্তুতকৃত প্রাক্কলন প্রাথমিক বরাদ্দসীমার মধ্যে থাকলে উপরোক্ত অর্পণ আদেশ অনুসারে সংশ্লিষ্ট অতিরিক্ত প্রধান প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলীর নিকট প্রেরণ করবেন।
 - সংশ্লিষ্ট ডিপিপি'র শর্তসমূহ অনুসরণ করে প্রাক্কলন পরীক্ষা-নীরিক্ষা করে সংশ্লিষ্ট ক্রয়কারী বরাবর তার অনুমোদনপত্র জারী করবেন; সেইসঙ্গে অনুলিপি নিম্নস্বাক্ষরকারী এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করবেন।
 - বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদনের ক্ষেত্রে কোটেশন ব্যতিত অন্যান্য ক্ষেত্রে প্রধান প্রকৌশলী কর্তৃক জারীকৃত অফিস আদেশ (স্মারক নং ৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-১৫৩, তারিখঃ ১৪-০৫-২০১৯ খ্রিঃ) মোতাবেক সম্পন্ন করতে হবে।
 - কোটেশনের ক্ষেত্রে বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ক্রয়কারীর একধাপ উপরের কর্তৃক্ষের অনুমোদন নিতে হবে।
- এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

(স্বাক্ষর চক্র আচায়া)
প্রধান প্রকৌশলী (চ:দাঃ)
ফোন: ৯১৪৪০২৭
ই-মেইল: ce@lged.gov.bd

অনুলিপি:

- অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, উইং, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, বিভাগ, জেলা:.....।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ইউনিট, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, অঞ্চল, জেলা:.....।
- প্রকল্প পরিচালক (সকল), এলজিইডি।
- নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা:.....।
- উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা, জেলা:.....।